গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
কেন্দ্রীয় ব্যাংক শাখা
www.fid.gov.bd

নম্বর- ৫৩.০০.০০০০.৩১১.১১.০০২.২০-৪৪৭

তারিখ : ১২ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
২৮ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রজ্ঞাপন

রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান এবং সরকারের শেয়ার রয়েছে এমন বেসরকারি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদকে অধিকতর দক্ষ, কার্যকর ও পর্ষদের পেশাদারিত্ব নিশ্চিতকরণ এবং আর্থিক খাতে শৃঙ্খলা ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে চেয়ারম্যান/পরিচালক নিয়োগের জন্য নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলোঃ

১. **শিরোনাম:** এ নীতিমালা "রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান এবং সরকারের শেয়ার রয়েছে এমন বেসরকারি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে চেয়ারম্যান/পরিচালক নিয়োগ নীতিমালা, ২০২৫" নামে অভিহিত হবে।

২. **প্রযোজ্যতা:** রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান এবং সরকারের শেয়ার রয়েছে এমন বেসরকারি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের চেয়ারম্যান/পরিচালক নিয়োগের ক্ষেত্রে এ নীতিমালা প্রযোজ্য হবে।

৩. **চেয়ারম্যান/পরিচালক নিয়োগে অনুসরণীয় সাধারণ বিষয়াবলি**

ক. চেয়ারম্যান/পরিচালক নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর যোগ্যতা, দক্ষতা ও অভিজ্ঞতাকে বিবেচনা করা হবে। অর্থনীতি, ফাইন্যান্স, ব্যাংকিং, আর্থিক বাজার, পুঁজিবাজার, মুদ্রানীতি, আর্থিক ব্যবস্থাপনা, ঋণ ও ঝুঁকি ব্যবস্থাপনা, কর্পোরেট গভর্ন্যান্স, ব্যবসায় শিক্ষা, ব্যবসায় প্রশাসন, কৃষি, শিল্প, আইন ও তথ্যপ্রযুক্তি বিষয়ক জ্ঞান ও অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। এছাড়া, সরকারের বিবেচনায় সংশ্লিষ্ট বিষয়ে দক্ষ ও অভিজ্ঞ পেশাজীবীদের নিয়োগ দেয়া যাবে;

খ. স্বার্থের সংঘাত (Conflict of Interest) সংক্রান্ত কোনো বিষয় বিদ্যমান থাকলে প্রার্থী নিয়োগের অযোগ্য হিসেবে বিবেচিত হবেন। আপাতত বলবৎ কোনো আইন/অধ্যাদেশ/আদেশ/বিধি এবং সরকারের নির্দেশনা দ্বারা ভিন্নভাবে উল্লেখ না থাকলে সরকারে কর্মরত কোনো সচিব অথবা সমগ্রেডভুক্ত কর্মকর্তা চেয়ারম্যান/পরিচালক পদে নিয়োগের জন্য বিবেচিত হবেন না;

গ. পরিচালনা পর্ষদে বিভিন্ন পেশার প্রতিনিধিত্ব নিশ্চিত করা হবে। পর্ষদে একজন চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট (সিএ) অথবা কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্ট (সিএমএ), একজন আইনজ্ঞ এবং একজন অবসরপ্রাপ্ত অভিজ্ঞ ব্যাংকারের প্রতিনিধিত্ব থাকবে। উপযুক্ত যোগ্যতাসম্পন্ন নারী প্রার্থীকে পরিচালনা পর্ষদের এক-তৃতীয়াংশ পদে পরিচালক হিসেবে নিয়োগের বিষয়টি বিবেচনা করা হবে;

ঘ. ব্যাংক-কোম্পানি আইন, ১৯৯১ অনুসারে প্রযোজ্য ক্ষেত্রে স্বতন্ত্র পরিচালক (Independent Director) নিয়োগ দেয়া হবে।

ঙ. ব্যাংক-কোম্পানি আইন ১৯৯১, বাংলাদেশ ব্যাংকসহ অন্যান্য নিয়ন্ত্রক সংস্থার গাইডলাইন এবং সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের বিদ্যমান বিধি-বিধান প্রযোজ্য ক্ষেত্রে যথাযথভাবে অনুসরণ করা হবে;

চ. ফিট অ্যান্ড প্রপার টেস্ট অনুযায়ী প্রার্থীর আর্থিক ও নৈতিকতার বিষয়ে যথাযথ যাচাই-বাছাই (Due Diligence) করা হবে;

ছ. চেয়ারম্যান/পরিচালকদের বছরভিত্তিক পারফরমেন্স মূল্যায়নের মাধ্যমে জবাবদিহিতা নিশ্চিত করা হবে;

জ. চেয়ারম্যান/পরিচালকের কর্মকালের নির্ধারিত মেয়াদ থাকবে এবং পুনঃনিয়োগের ক্ষেত্রে পূর্বের পারফরমেন্স বিবেচনায় নেয়া হবে; এবং

ঝ. নিয়োগপ্রাপ্তদের প্রশিক্ষণ/কর্মশালার মাধ্যমে তাঁদের সক্ষমতা বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ করা হবে।

৪. **চেয়ারম্যান/পরিচালক নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা**: কোনো ব্যক্তি চেয়ারম্যান/পরিচালক পদে নিযুক্ত হওয়ার যোগ্য হবেন না, যদি-

ক. তিনি বাংলাদেশের নাগরিক না হন অথবা অন্য কোনো রাষ্ট্রের নাগরিকত্ব গ্রহণ করেন অথবা অন্য কোনো রাষ্ট্রের প্রতি আনুগত্য পোষণ করেন;

খ. তাঁর ন্যূনতম ১০ (দশ) বছরের প্রশাসনিক অথবা ব্যবস্থাপনা বিষয়ক অথবা পেশাগত অভিজ্ঞতা না থাকে;

গ. তাঁর বয়স ৪৫ বছরের কম হয় অথবা ৭৫ বছরের বেশি হয়;

ঘ. তিনি ফৌজদারী অপরাধ কিংবা জাল-জালিয়াতি, দুর্নীতি, আর্থিক অপরাধ অথবা অন্য কোনো অবৈধ কর্মকান্ডের সাথে জড়িত ছিলেন অথবা রয়েছেন;

ঙ. তিনি দেওয়ানী অথবা ফৌজদারী মামলায় বিজ্ঞ আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হন অথবা যদি তাঁর সম্পর্কে কোনো বিরূপ পর্যবেক্ষণ অথবা মন্তব্য থাকে;

চ. তিনি আর্থিক খাত সংশ্লিষ্ট কোনো নিয়ন্ত্রক সংস্থার বিধিমালা, প্রবিধান অথবা নিয়মাচার লঙ্ঘনজনিত কারণে দন্ডিত হন;

ছ. তিনি নিজের অথবা স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামে কোনো ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠান হতে গৃহীত ঋণের কারণে খেলাপি হিসেবে বাংলাদেশ ব্যাংকের ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি)-তে তালিকাভুক্ত হন;

জ. তিনি কোনো ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠানে ইচ্ছাকৃত ঋণ খেলাপি হিসেবে তালিকাভুক্ত হন এবং উক্ত তালিকা হতে অব্যাহতি প্রাপ্তির পাঁচ বছর অতিবাহিত না হয়;

ঝ. তিনি এমন কোনো কোম্পানি অথবা প্রতিষ্ঠানের সাথে যুক্ত রয়েছেন যার নিবন্ধন অথবা লাইসেন্স বাতিল করা হয়েছে অথবা প্রতিষ্ঠানটি অবসায়িত হয়েছে;

ঞ. তিনি নিজের অথবা স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের হালনাগাদ কর পরিশোধের প্রমাণাদি দাখিলে ব্যর্থ হন;

ট. তিনি কোনো উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ বলে ঘোষিত হন;

ঠ. তিনি উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হন; এবং

ড. তিনি অন্য কোনো যুক্তিসঙ্গত কারণে সরকার কর্তৃক যোগ্য হিসেবে বিবেচিত না হন।

৫. **চেয়ারম্যান/পরিচালক নিয়োগে বাধা-নিষেধ**: সংশ্লিষ্ট ব্যাংক-কোম্পানি অথবা আর্থিক প্রতিষ্ঠানের সংঘস্মারক অথবা সংঘবিধিতে যা কিছুই থাকুক না কেন-

ক. আপাতত বলবৎ কোনো আইন/অধ্যাদেশ/আদেশ/বিধি এবং সরকারের নির্দেশনা দ্বারা ভিন্নভাবে উল্লেখ না থাকলে কোনো ব্যক্তি একই সময়ে একাধিক ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠানের পরিচালক হিসেবে নিযুক্ত হতে পারবেন না;

খ. ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠানে এমন কোনো চেয়ারম্যান/পরিচালক থাকবেন না, যিনি-

(অ) উক্ত ব্যাংক-কোম্পানির অথবা আর্থিক প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক, বহিঃহিসাব নিরীক্ষক, আইন উপদেষ্টা, উপদেষ্টা, পরামর্শক, বেতনভুক্ত কর্মচারী অথবা অন্য কোনো পদের দায়িত্বে নিয়োজিত রয়েছেন কিংবা বিগত পাঁচ বছরের মধ্যে নিয়োজিত ছিলেন;

(আ) অন্য কোনো ব্যাংক-কোম্পানির অথবা আর্থিক প্রতিষ্ঠানের উপদেষ্টা অথবা পরামর্শক হিসেবে নিয়োজিত রয়েছেন;

(ই) এমন কতিপয় কোম্পানির পরিচালক যে কোম্পানিগুলো একত্রে উক্ত ব্যাংক-কোম্পানি অথবা আর্থিক প্রতিষ্ঠানের শেয়ার-হোল্ডারদের মোট শেয়ারের বিপরীতে মোট ভোটের ২০ শতাংশের অধিক ভোট প্রদানের অধিকারী।

৬. **বাছাই কমিটি**

ক. চেয়ারম্যান/পরিচালক পদে নিয়োগের লক্ষ্যে নিম্নরূপ বাছাই কমিটি থাকবে:

| | | |
|---|---|---|
| ১. | সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সভাপতি |
| ২. | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব, কেন্দ্রীয় ও বাণিজ্যিক ব্যাংক অনুবিভাগ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য |
| ৩. | অর্থ বিভাগের প্রতিনিধি (ন্যূনতম যুগ্মসচিব) | সদস্য |
| ৪. | যুগ্মসচিব/ উপসচিব, কেন্দ্রীয় ব্যাংক অধিশাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য |
| ৫. | যুগ্মসচিব/ উপসচিব, বাণিজ্যিক/বিশেষায়িত ব্যাংক অধিশাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য |
| ৬. | উপসচিব/সিনিয়র সহকারী সচিব, কেন্দ্রীয় ব্যাংক শাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য-সচিব |

খ. কমিটির কার্যপরিধি

(অ) ফিট অ্যান্ড প্রপার টেস্ট অনুযায়ী প্রার্থীদের যোগ্যতা, দক্ষতা, অভিজ্ঞতা, আর্থিক ও নৈতিকতার বিষয়ে যথাযথ যাচাই-বাছাই (Due Diligence);

(আ) চেয়ারম্যান/পরিচালক পদে নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের গোয়েন্দা প্রতিবেদন এবং সিআইবি প্রতিবেদন পর্যালোচনা;

(ই) কোনো প্রার্থীর পুনঃনিয়োগের ক্ষেত্রে তাঁর পূর্বের পারফরমেন্স যাচাই-বাছাই;

(ঈ) এ নীতিমালা অনুসরণ করে চেয়ারম্যান/পরিচালক পদে নিয়োগের লক্ষ্যে উপযুক্ত ব্যক্তিদের সুপারিশ; এবং

(উ) এ সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম।

**৭. চেয়ারম্যান/পরিচালক নিয়োগে প্রয়োজনীয় তথ্যাবলি ও ঘোষণাপত্র**

ক. বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রার্থীগণ সংযুক্ত ফরমে এ মর্মে ঘোষণাপত্র প্রদান করবেন যে, তিনি এ নীতিমালার ৪নং অনুচ্ছেদে বর্ণিত যোগ্যতা ও উপযুক্ততা অনুসারে চেয়ারম্যান/পরিচালক পদে নিযুক্ত হওয়ার অনুপযুক্ত নন এবং ৫নং অনুচ্ছেদে বর্ণিত চেয়ারম্যান/পরিচালক নিয়োগে কোনো বাধা-নিষেধের আওতাভুক্ত নন;

খ. সরকারের অনুমোদন গ্রহণের নিমিত্ত চেয়ারম্যান/পরিচালক পদে নিযুক্তির পূর্বে বাছাই কমিটির সুপারিশকৃত প্রার্থীদের নিম্নোক্ত তথ্যাবলি সংযুক্ত করতে হবে:

(অ) ফরম-ক অনুযায়ী তথ্যাবলি (পরিশিষ্ট-'ক');

(আ) ফরম-খ অনুযায়ী ঘোষণাপত্র (পরিশিষ্ট-'খ');

(ই) ফরম-গ অনুযায়ী গোপনীয়তা রক্ষার ঘোষণাপত্র (পরিশিষ্ট-'গ');

(ঈ) স্বতন্ত্র পরিচালক-এর ক্ষেত্রে ফরম-ক ও ফরম-ঘ অনুযায়ী তাঁর স্বার্থ সংশ্লিষ্টতার বিষয়ে ঘোষণাপত্র (পরিশিষ্ট-'ঘ'); এবং

(উ) প্রযোজ্য ক্ষেত্রে গোয়েন্দা সংস্থা এবং সিআইবি প্রতিবেদন।

গ. রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক এবং সরকারের শেয়ার রয়েছে এমন বেসরকারি ব্যাংকে চেয়ারম্যান/পরিচালক নিযুক্তির ক্ষেত্রে 'ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১' এর বিধান অনুযায়ী বাংলাদেশ ব্যাংকের অনুমোদন গ্রহণ করতে হবে; এবং

ঘ. রাষ্ট্রমালিকানাধীন বিশেষায়িত ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানে চেয়ারম্যান/পরিচালক নিযুক্তির ক্ষেত্রে স্ব স্ব প্রতিষ্ঠানের আইন ও বিধি-বিধান অনুসরণ করতে হবে।

**৮. চেয়ারম্যান/পরিচালক নিয়োগ অনুমোদন পদ্ধতি**

বাছাই কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান এবং সরকারের শেয়ার রয়েছে এমন বেসরকারি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে-

ক. চেয়ারম্যান পদে নিয়োগ/পুন:নিয়োগের ক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা'র অনুমোদন গ্রহণ করতে হবে;

খ. পরিচালক পদে নিয়োগ/পুন:নিয়োগের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী/উপদেষ্টা'র অনুমোদন গ্রহণ করতে হবে।

**৯. প্রশিক্ষণ/কর্মশালা**

রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান এবং সরকারের শেয়ার রয়েছে এমন বেসরকারি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে পর্ষদ সদস্যদের জন্য আর্থিক খাতে সুশাসন ও শৃঙ্খলা, মানিলন্ডারিং প্রতিরোধ, কর্পোরেট গভর্ন্যান্স, ব্যাংকিং রেগুলেশন, ঝুঁকি ব্যবস্থাপনা, প্রাসঙ্গিক আইন ও বিধি-বিধান ইত্যাদি বিষয়ে নিয়মিত প্রশিক্ষণ/কর্মশালার আয়োজন করা হবে।

**১০. মূল্যায়ন**

রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান এবং সরকারের শেয়ার রয়েছে এমন বেসরকারি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের চেয়ারম্যান/পরিচালকগণের পারফরমেন্সের

বার্ষিক মূল্যায়নের ব্যবস্থা করা হবে। মূল্যায়নের জন্য একটি নির্দিষ্ট কাঠামো (framework) অনুসরণ করা হবে।

**১১. চেয়ারম্যান/পরিচালকের মেয়াদ**

ক. চেয়ারম্যান/পরিচালক পদের মেয়াদ হবে অনধিক ০৩ (তিন) বৎসর। কোন পরিচালক একাদিক্রমে দুই মেয়াদের অধিক উক্ত পদে অধিষ্ঠিত থাকতে পারবেন না। মেয়াদ শেষ হওয়ার তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বৎসর অতিবাহিত হওয়ার পর তিনি পরিচালক পদে পুনঃনির্বাচিত হওয়ার যোগ্য হবেন;

খ. পদাধিকারবলে কিংবা কোনো মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার প্রতিনিধি হিসেবে চেয়ারম্যান/পরিচালক পদে নিযুক্ত হলে সে পদ হতে বদলি, অব্যাহতি অথবা অবসরের অব্যবহিত পরেই সংশ্লিষ্ট ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠানে তাঁর চেয়ারম্যান/পরিচালক পদটি স্বয়ংক্রিয়ভাবে শূন্য হবে; এবং

গ. কোনো চেয়ারম্যান/পরিচালক ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের স্বার্থ পরিপন্থি কার্যকলাপে লিপ্ত হলে অথবা দায়িত্বপালনের ক্ষেত্রে অদক্ষতার পরিচয় দিলে সংশ্লিষ্ট চেয়ারম্যান/পরিচালক এর মনোনয়ন বাতিল করা যাবে।

**১২.** চেয়ারম্যান/পরিচালকগণ প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের জন্য নিয়োজিত হবেন। পরিচালনা পর্ষদ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নীতি প্রণয়ন, ঝুঁকি ব্যবস্থাপনা, অভ্যন্তরীণ নিরীক্ষা ও নিয়ন্ত্রণ এবং তা পরিপালন নিশ্চিত করার জন্য দায়বদ্ধ থাকবেন। তবে, পর্ষদ প্রতিষ্ঠানের দৈনন্দিন প্রশাসনিক কার্যক্রমে সম্পৃক্ত হবেন না।

**১৩.** চেয়ারম্যান/পরিচালকগণের দায়িত্ব-কর্তব্য ও সম্মানী প্রদানের ক্ষেত্রে সরকার/বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত নির্দেশনা অনুসরণ করতে হবে।

**১৪.** এ নীতিমালা জারির পূর্বে নিযুক্ত চেয়ারম্যান/পরিচালকগণ তাঁদের অবশিষ্ট মেয়াদের জন্য এ নীতিমালার আওতায় নিযুক্ত হয়েছেন মর্মে গণ্য হবেন।

**১৫.** রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান এবং সরকারের শেয়ার রয়েছে এমন বেসরকারি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে চেয়ারম্যান/পরিচালক নিয়োগ সংক্রান্ত ইতঃপূর্বে জারিকৃত সকল নীতিমালা এতদ্দ্বারা বাতিল বলে গণ্য হবে।

**১৬.** জনস্বার্থে জারিকৃত এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**স্বাক্ষরিত**২৮/১০/২০২৫
(মোঃ আজিমুদ্দিন বিশ্বাস এনডিসি)
অতিরিক্ত সচিব

নম্বর- ৫৩.০০.০০০০.৩১১.১১.০০২.২০-৪৪৭

তারিখ : ১২ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
২৮ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়।

০২। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৫। ব্যবস্থাপনা পরিচালক এন্ড সিইও, সোনালী ব্যাংক পিএলসি/জনতা ব্যাংক পিএলসি/অগ্রণী ব্যাংক পিএলসি/রূপালী ব্যাংক পিএলসি/বেসিক ব্যাংক পিএলসি/বাংলাদেশ ডেভেলপম্যান্ট ব্যাংক ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়,ঢাকা।

০৬। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক/প্রবাসী কল্যাণ ব্যাংক/কর্মসংস্থান ব্যাংক/আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক/পল্লী সঞ্চয় ব্যাংক/ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)/হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা।

০৭। মাননীয় অর্থ উপদেষ্টার একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, ঢাকা (অর্থ উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য) ।

০৮। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।

০৯। সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য) ।

২৮.১০.২০২৫

মোহাম্মদ আবরাউল হাছান মজুমদার
উপসচিব

## পরিচালক পদে নিযুক্তির জন্য মনোনীত ব্যক্তি সম্পর্কীয় তথ্যাবলী

১। নাম:

২। পিতার নাম:

৩। মাতার নাম:

৪। জাতীয়তা:

৫। (ক) জন্ম তারিখ:

(খ) জন্ম স্থান:

৬। পূর্ণ ঠিকানা:

(ক) স্থায়ী ঠিকানা (টেলিফোন নম্বরসহ):

(খ) বর্তমান ঠিকানা (টেলিফোন নম্বর ও ই-মেইল এড্রেসসহ):

৭। জাতীয় পরিচয়পত্র নম্বর:

৮। টিআইএন :

৯। বৈবাহিক অবস্থা:

(ক) বিবাহিত হলে স্বামী/স্ত্রীর নামঃ

(খ) স্বামী/স্ত্রীর পেশা:

(গ) স্বামী/স্ত্রীর জাতীয়তা:

১০। নিকট আত্মীয় (বাবা-মা, ভাই-বোন, সন্তান এবং নির্ভরশীল):

| নাম | সম্পর্ক | জন্ম তারিখ | কোনো ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের পরিচালক হলে তার নাম ও ঠিকানা |
|---|---|---|---|
| | | | |
| | | | |

১১। শিক্ষাগত যোগ্যতা:

(ক) প্রাতিষ্ঠানিক শিক্ষা:

(খ) পেশাগত/কারিগরী শিক্ষা:

(গ) ট্রেনিং/সেমিনারঃ

১২। বর্তমান পেশার বিবরণঃ

(ক) প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা:

(খ) ব্যবসায়ের প্রকৃতি:

(গ) পদবী:

(ঘ) ফোন নম্বর:

১৩। অভিজ্ঞতার বর্ণনা (অন্যূন ১০ দশ বছর):

| প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | যোগদানের তারিখ | পদবী | দায়-দায়িত্ব |
|---|---|---|---|
| | | | |
| | | | |

১৪। ১০% বা ততোধিক শেয়ারধারণকারী অথবা পরিচালক হিসাবে নিযুক্ত প্রতিষ্ঠানের বিবরণ:

| প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | প্রতিষ্ঠানের সাথে সম্পর্ক (পরিচালক/শেয়ারহোল্ডার) | প্রতিষ্ঠানের প্রকৃতি (পাবলিক লিঃ/প্রাইভেট লিঃ) | ব্যবসায়ের প্রকৃতি | শেয়ার ধারণের শতকরা হার (%) |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |

১৫। পরিচালক হিসেবে প্রথম নিয়োগের তারিখ:

১৬। পরিচালক হিসেবে পুনঃনিয়োগের তারিখ:

১৭। বিরতিকাল (ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ১৫কক (২) অনুযায়ী):

১৮। ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান/অন্যান্য কোন উৎস হইতে কোনো ঋণ সুবিধা নেয়া হয়েছে কি না? নেয়া হলে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নাম ও ঋণের পরিমাণ (সুদ ও আসলসহ):

স্বাক্ষর:
তারিখ ও নাম:

**পরিশিষ্ট-খ**

## ঘোষণাপত্র

১) আমি এতদ্বারা ঘোষণা করছি যে, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের স্মারক নম্বর- ৫৩.০০.০০০০.৩১১.১১.০০২.২০-৪৪৭; তারিখ :২৮ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০২৩ পর্যন্ত সংশোধিত) এর ১৫ ধারার উপ-ধারা (৬) এ বর্ণিত যোগ্যতা ও উপযুক্ততা, একই আইনের অন্যান্য বিধানাবলী এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক এ সংক্রান্ত বিষয়ে জারিকৃত সর্বশেষ বিধান অনুযায়ী আমি ব্যাংক-কোম্পানীর পরিচালক হিসেবে নিযুক্ত হওয়ার যোগ্য। আমি আরও ঘোষণা করছি যে-

ক) আমার অন্যূন ১০ (দশ) বৎসরের ব্যবস্থাপনা বা ব্যবসায়িক বা পেশাগত অভিজ্ঞতা রয়েছে;

খ) আমি কোনো আদালত কর্তৃক ফৌজদারী অপরাধে দন্ডিত হইনি কিংবা কোনো জাল-জালিয়াতি, আর্থিক অপরাধ বা অন্যবিধ অবৈধ কর্মকান্ডের সাথে জড়িত ছিলাম না বা জড়িত নই;

গ) কোনো দেওয়ানী বা ফৌজদারী মামলায় আমার সম্পর্কে আদালতের রায়ে কোনো বিরূপ পর্যবেক্ষণ/মন্তব্য নেই;

ঘ) আমি কখনো আর্থিক খাত সংশ্লিষ্ট কোনো নিয়ামক সংস্থার বিধিমালা, প্রবিধান বা নিয়মাচার লংঘনজনিত কারণে দন্ডিত হইনি;

ঙ) আমি এমন কোনো কোম্পানী/প্রতিষ্ঠানের সাথে যুক্ত ছিলাম না, যার নিবন্ধন/লাইসেন্স বাতিল করা হয়েছে;

চ) আমার নিজের কিংবা স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামে কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের কাছে কোনো খেলাপী ঋণ নেই;

ছ) আমি কখনো কোনো আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হইনি;

জ) আমি অন্য কোনো ব্যাংক-কোম্পানী বা আর্থিক প্রতিষ্ঠানের পরিচালক নই;

ঝ) আমাকে কখনো কোনো কোম্পানী বিশেষতঃ ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী, চেয়ারম্যান বা পরিচালক পদ হতে অপসারণ করা হয়নি;

ঞ) আমি ব্যক্তিগতভাবে অথবা ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান অথবা অংশীদারী প্রতিষ্ঠানের জন্য কর খেলাপী নই।

২) কোম্পানী আইন, ১৯৯৪ এর ৯৩ ধারা অনুযায়ী আমি এ মর্মে ঘোষণা করছি যে, আমাকে ... ... ... (ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নাম) ... ... ...-এর পরিচালক হিসেবে নিয়োগ করা হলে আমি এ দায়িত্ব পালনে সম্মত আছি।

স্বাক্ষর:

তারিখ ও নাম:

সাক্ষী:

১) স্বাক্ষর:
নাম:
ঠিকানা:

২) স্বাক্ষর:
নাম:
ঠিকানা:

## <u>গোপনীয়তা রক্ষার ঘোষণাপত্র</u>

আমি নিম্নস্বাক্ষরকারী, এ মর্মে নিশ্চয়তা প্রদান করছি যে, ... ... ... (ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নাম) ... ... ...-এর পরিচালক হিসেবে নিযুক্ত হলে, পরিচালক হিসেবে দায়িত্ব পালনকালে আমার বিবেচনার্থে উপস্থাপিত কোনো বিষয় অথবা পরিচালক হিসেবে আমার গোচরীভূত কোনো বিষয় প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে কোনো ব্যক্তির নিকট প্রকাশ করবো না। তবে, আমার দায়িত্ব পালনের জন্য আবশ্যক হলে অথবা প্রচলিত আইনের বিধান অনুযায়ী বাধ্য হলে অথবা পর্ষদ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত হলেই কেবলমাত্র তা প্রকাশ করবো।

স্বাক্ষর:
তারিখ ও নাম:

সাক্ষী:

১) স্বাক্ষর:
নাম:
ঠিকানা:

২) স্বাক্ষর:
নাম:
ঠিকানা:

## **<u>স্বতন্ত্র পরিচালক হিসেবে মনোনীত প্রার্থীর ঘোষণাপত্র</u>**

নিম্নস্বাক্ষরকারী ঘোষণা করছি যে, আমি … … … … …ব্যাংক পিএলসি-এর ব্যবস্থাপনার সাথে যুক্ত নই এবং উক্ত ব্যাংকের কোনো শেয়ার ধারণ করি না। আরও ঘোষণা করছি যে, আমার উক্ত ব্যাংকের সাথে কিংবা ব্যাংক-সংশ্লিষ্ট কোনো ব্যক্তির সাথে অতীত, বর্তমান বা ভবিষ্যৎ কোনো প্রকৃত স্বার্থ কিংবা দৃশ্যমান স্বার্থের বিষয় জড়িত নেই বা থাকবে না।

স্বাক্ষর:
তারিখ ও নাম:

সাক্ষী:

১) স্বাক্ষর:
নাম:
ঠিকানা:

২) স্বাক্ষর:
নাম:
ঠিকানা: